

ধূমপানমুক্ত হোটেল ও রেস্টুরেন্টঃ

হোটেল ও রেস্টুরেন্টের আচ্ছাদিত এলাকা

১০০% ধূমপানমুক্ত

ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সংশোধনী) এর ধারা ২(চ) এ “পাবলিক প্লেস” এর সংজ্ঞায় বলা হয়েছে, “পাবলিক প্লেস” অর্থ “শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি অফিস, আধা-সরকারি অফিস, স্বায়ত্তশাসিত অফিস ও বেসরকারি অফিস, গ্রন্থাগার, লিফট, আচ্ছাদিত কর্মক্ষেত্র (Indoor Work Place), হাসপাতাল ও ক্লিনিক ভবন, আদালত ভবন, বিমানবন্দর ভবন, সমুদ্র বন্দর ভবন, নৌ-বন্দর ভবন, রেলওয়ে স্টেশন ভবন, বাস টার্মিনাল ভবন, প্রেক্ষাগৃহ, প্রদর্শনী কেন্দ্র, থিয়েটার হল, বিপণী ভবন, চতুর্দিকে দেয়াল দ্বারা আবদ্ধ রেস্টুরেন্ট, পাবলিক টয়লেট, শিশু পার্ক, মেলা বা পাবলিক পরিবহনে আরোহণের জন্য যাত্রীদের অপেক্ষার জন্য নির্দিষ্ট সারি, জনসাধারণ কর্তৃক সম্মিলিতভাবে ব্যবহার্য অন্য কোন স্থান অথবা সরকার বা স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, সময় সময় ঘোষিত অন্য যে কোন বা সকল স্থান।”

হোটেল এবং রেস্টুরেন্ট পাবলিক প্লেস কেন?

হোটেলঃ

পাবলিক প্লেসের সংজ্ঞায় আলাদাভাবে হোটেলের নাম উল্লেখ না থাকলেও হোটেল এর কিছু কিছু স্থান সকলের জন্য সম্মিলিতভাবে ব্যবহার্য স্থান এবং হোটেল কর্মকর্তা-কর্মচারীদের জন্য আচ্ছাদিত কর্মক্ষেত্রও (Indoor Work Place) বটে। সে হিসেবে আইন অনুযায়ী হোটেল পাবলিক প্লেসের আওতাভুক্ত।

ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইনের ৭ ধারায় নির্ধারিত ধূমপান এলাকা স্থাপনের সুযোগ থাকলেও (যা কর্তৃপক্ষের স্বেচ্ছাধীন, বাধ্যতামূলক নয়) তা বিধিমালা ২০১৫ এর বিধি ৬ দ্বারা নিম্নোক্ত শর্তাদির মাধ্যমে ব্যাপকভাবে নিয়ন্ত্রণ করা হয়েছে। যেমনঃ

- “ধূমপানমুক্ত এলাকাকে ধূমপান এলাকা হইতে পৃথক রাখিতে হইবে;”
- “ধূমপানমুক্ত এলাকায় যাহাতে ধূমপানের স্থানের ধোঁয়া প্রবেশ করিতে না পারে উহা নিশ্চিত করা;”
- “ধূমপানের স্থানে অগ্নিনির্বাপক যন্ত্রের ব্যবস্থাসহ বিড়ি বা সিগারেটের উচ্ছিষ্ট অংশ নিক্ষেপ বা ফেলার জন্য বালি ও পানিসহ যথাযথ পাত্রের ব্যবস্থা করা;”
- “কোন পাবলিক প্লেস বা পাবলিক পরিবহনে ধূমপানের জন্য কোন স্থান চিহ্নিত বা নির্দিষ্ট করা হইলে উক্ত চিহ্নিত বা নির্দিষ্ট স্থানের মধ্য দিয়া যাহাতে কোন অধূমপায়ীকে যাতায়াত করিতে না হয় উহা নিশ্চিত করা।”

সুতরাং বিধিমালা প্রতিপালন করতে হলে ধূমপানের নির্ধারিত স্থান অবশ্যই হোটেলের বাইরে হতে হবে। যার অর্থ দাঁড়ায়, হোটেলও পাবলিক প্লেস এবং হোটেলের ভিতরে সকলের জন্য সম্মিলিতভাবে ব্যবহার্য স্থানসমূহ (হোটেল লবি, অভ্যর্থনা কেন্দ্র, সিঁড়ি, লিফট, কমন টয়লেট, করিডোর, ইত্যাদি) শতভাগ ধূমপানমুক্ত।

NO SMOKING !



রেস্টুরেন্টঃ

আইনে চতুর্দিকে দেয়াল দ্বারা আবদ্ধ এক কক্ষবিশিষ্ট রেস্টুরেন্টে ধূমপান সম্পূর্ণরূপে নিষিদ্ধ। বিধিমালা ২০১৫ এর ৪(১)(ছ) বিধি মতে এক কক্ষবিশিষ্ট রেস্টুরেন্টে ধূমপান সম্পূর্ণরূপে নিষিদ্ধ এবং এখানে ধূমপানের জন্য কোনরূপ এলাকা নির্ধারণ করা যাবে না। তবে একাধিক কক্ষবিশিষ্ট রেস্টুরেন্টে বিধিমালা অনুসরণপূর্বক কর্তৃপক্ষ ইচ্ছা করলে ধূমপানের জন্য স্থান নির্ধারণ করতে পারবে (যা কর্তৃপক্ষের স্বেচ্ছাধীন, বাধ্যতামূলক নয়)। কিন্তু এক্ষেত্রেও ধূমপান এলাকার ধোঁয়া যেন ধূমপানমুক্ত এলাকায় প্রবেশ না করে তা নিশ্চিত করতে হবে, যা প্রায় অসম্ভব বলে ইতোমধ্যে বর্ণিত হয়েছে। সুতরাং চতুর্দিকে দেয়াল দ্বারা আবদ্ধ অথবা আবদ্ধ নয় (সকলের দ্বারা সম্মিলিতভাবে ব্যবহৃত) এমন রেস্টুরেন্টে ধূমপান সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং আইনে দণ্ডনীয় অপরাধ।



ঢাকা আহুানিয়া মিশন

জাতীয় তামাক নিয়ন্ত্রন সেল
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

